

## পল্লী সঞ্চয় ব্যাংক

প্রধান কার্যালয়

রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল-৮)  
৩৭/৩/এ, ইক্সটন গার্ডেন রোড, ঢাকা-১০০০



### চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট ফার্ম এর কার্যপরিধি (TOR)

০১। (ক) নিরীক্ষাকারী প্রতিষ্ঠানকে পল্লী সঞ্চয় ব্যাংক এর প্রধান কার্যালয়ের ২০২০-২০২১ অর্থ-বছরের আর্থিক প্রতিবেদন নিরীক্ষা ও প্রত্যয়ন এবং ১২টি শাখা হিসাবপত্র সরেজমিনে পরীক্ষা করতে হবে;

(খ) আর্থিক বিবরণী (Financial Statement) যথাসময়ে চূড়ান্তকরণ এর লক্ষ্যে প্রতিবেদনের খসড়া কপি ২৫.০৯.২০২১ তারিখের মধ্যে কর্তৃপক্ষের নিকট দাখিল করতে হবে;

(গ) নিরীক্ষকগণকে বাংলাদেশ ব্যাংকের অনুমোদিত নমুনা ফরম-এ ব্যাংকের আর্থিক প্রতিবেদন প্রস্তুত, নিরীক্ষা ও প্রত্যয়ন সমাপ্ত করে ২০২০-২০২১ অর্থ-বছরের চূড়ান্ত নিরীক্ষা প্রতিবেদন যথা : (১) বিস্তারিত নিরীক্ষা প্রতিবেদন (Detailed Audit Report), (২) আর্থিক বিবরণী (Financial Statement), (৩) গোপনীয় প্রতিবেদন (Confidential Report), (৪) ম্যানেজমেন্ট প্রতিবেদন (Management Report), প্রতিটির ৬(ছয়) প্রস্তুত ৩০.০৯.২০২১ তারিখের মধ্যে ব্যাংক কর্তৃপক্ষের নিকট দাখিল করতে হবে।

০২। আর্থিক প্রতিবেদন প্রত্যয়ন ও নিরীক্ষা কাজ যথাযথভাবে পরিচালনা ও সমাপ্ত করার জন্য বাংলাদেশ ব্যাংক/ অর্থ মন্ত্রণালয়ের জারীকৃত বহিঃনিরীক্ষা সংক্রান্ত নীতিমালা অনুসরণ করতে হবে।

০৩। বাংলাদেশ ব্যাংকের স্ট্যান্ডার্ড অনুযায়ী ব্যাংকের প্রকৃত লাভ-লোকসান, নিরীক্ষাকালে পরিলক্ষিত সকল অনিয়ম উল্লেখসহ নিয়োগপত্রের সকল শর্তাদির বিষয়ে বিস্তারিত মতামত/ মন্তব্য প্রদান ও অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয় সম্পর্কিত সংশ্লিষ্ট ফ্লিপসহ প্রতিটির ৬ (ছয়) প্রস্তুত গোপনীয় প্রতিবেদন ও ম্যানেজমেন্ট প্রতিবেদন ব্যাংক কর্তৃপক্ষের নিকট দাখিল করতে হবে। উক্ত গোপনীয় প্রতিবেদনে হিসাব নিরীক্ষার বিভিন্ন উল্লেখ্যযোগ্য ও গুরুত্বপূর্ণ বিষয়াদিও অন্তর্ভুক্ত থাকতে পারে।

০৪। নিরীক্ষকগণ হিসাব নিরীক্ষাকালে সর্বোচ্চ পেশাদারীত্ব এবং সতর্কতার সাথে নিরীক্ষা কার্যক্রম পরিচালনা করবেন।

০৫। নিরীক্ষা প্রতিষ্ঠান কর্তৃক প্রণীত আর্থিক বিবরণী (Financial Statement) ও অন্যান্য হিসাব ব্যাংক কর্তৃপক্ষের সঙ্গে আলোচনাক্রমে চূড়ান্ত করবেন।

০৬। চূড়ান্ত নিরীক্ষা প্রতিবেদনে নিম্নবর্ণিত বিষয়গুলো প্রতিফলিত হতে হবে :

(ক) আর্থিক প্রতিবেদনে সংস্থার আর্থিক অবস্থা ও সংশ্লিষ্ট সময়ের লাভ-ক্ষতি সঠিকভাবে প্রতিফলিত হয়েছে কিনা;

(খ) আর্থিক প্রতিবেদন সাধারণ হিসাব পদ্ধতি অনুসারে সঠিকভাবে প্রস্তুত করা হয়েছে কি না;

(গ) আর্থিক প্রতিবেদন বিধি ও আইন এবং বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারীকৃত হিসাব সংক্রান্ত নিয়মকানুন মোতাবেক প্রণীত হয়েছে কি না;

(ঘ) যে সকল অধিম এবং অন্যান্য সম্পদ আদায় সম্পর্কে সন্দেহ রয়েছে সেগুলোর জন্য পর্যাপ্ত সংস্থান রয়েছে কি না;

(ঙ) আর্থিক প্রতিবেদন আইএএস-৩০ অনুযায়ী নির্ধারিত মান সম্পত্তি হয়েছে কি না;

(চ) শাখা থেকে প্রাপ্ত রেকর্ডপত্র এবং হিসাবসমূহ সঠিকভাবে সংরক্ষিত ও একীভূত করা হয়েছে কি না;

(ছ) নিরীক্ষক কর্তৃক প্রার্থীত তথ্যাদি এবং ব্যাখ্যা সন্তোষজনক হয়েছে কি না;

পাতা-২

- (জ) মূলধন, রিজার্ভ ইত্যাদি বিধি অনুযায়ী সংরক্ষণ করা হয়েছে কি না;
- (ঝ) নিরীক্ষাকালে ব্যাংক/সংস্থার প্রকৃত অনিয়ম চিহ্নিত করে তা প্রতিবেদনে যথাযথভাবে উল্লেখ করতে হবে;
- (ঞ) খণ্ড মণ্ডুরী ও বিতরণে প্রযোজ্য বিধি বিধান যথাযথভাবে অনুসৃত হয়েছে কি না;
- (ট) অন্য এমন সব বিষয়ে যা শেয়ার হোল্ডারদের গোচরীভূত করা উচিত বলে নিরীক্ষক মনে করেন;
- (ঠ) প্রতারণা বা অসততার দরকন ফৌজদারী অপরাধ সংঘটিত হয়েছে।
- (ড) প্রতিষ্ঠানের অভ্যন্তরীণ নিয়ন্ত্রন ব্যবস্থা সর্ব বিষয়ে সর্বদিক দিয়ে সন্তোষজনক কি না এবং সম্ভাব্য চুরি, জাল জালিয়াতি প্রতিরোধের জন্য গৃহীত ব্যবস্থাদি পর্যাপ্ত কি না;
- (ণ) সরকার এবং ব্যাংকে অর্থ জমাকারীদের স্বার্থ রক্ষার্থে পর্যাপ্ত ব্যবস্থা গ্রহন করা হয়েছে কি না।
- ০৭। (ক) নিয়োগের শর্তানুযায়ী নিরীক্ষা প্রতিবেদন নির্ধারিত তারিখের মধ্যে দাখিলে ব্যর্থ হলে কিংবা দাখিলকৃত নিরীক্ষা প্রতিবেদন নিম্নমানের হলে প্রতিবেদন গ্রহণযোগ্য হবে না। নিরীক্ষা প্রতিবেদন দাখিলের পর প্রতিবেদনে কোন পরিবর্তন বা পরিবর্ধন ও সংশোধনের প্রয়োজন হলে নিরীক্ষকগণ তা করতে বাধ্য থাকবেন এবং এ জন্য অতিরিক্ত কোন নিরীক্ষা ফি দাবী করা যাবে না;
- (খ) নিরীক্ষকগণ পত্তী সংওয় ব্যাংক নিরীক্ষার জন্য ব্যাংকের পরিচালনা বোর্ডের কাছে দায়ী থাকবেন;
- (গ) নিরীক্ষকগণকে এ মর্মে লিখিত ঘোষণা করতে হবে যে পত্তী সংওয় ব্যাংক এর নিকট হতে কোন খণ্ড গ্রহণ করেননি এবং নিরীক্ষাকারী ফার্ম এর কোন পার্টনার এই সংস্থার পরিচালক নহেন;
- (ঘ) নিরীক্ষা ফি বিল পেশ করার সময় এ মর্মে লিখিত ঘোষণা করতে হবে যে নিয়োগ পত্রের সকল শর্তাদি মোতাবেক কাজ সম্পন্ন করা হয়েছে।
- (ঙ) নিরীক্ষার কাজ নিয়ম/বিধি মোতাবেক সুষ্ঠুভাবে এবং নির্দিষ্ট সময়ের মধ্যে সম্পাদনের স্বার্থে প্রযোজনে অডিট কমিটি বা অন্য কোন সভা আহবান করা হলে নিরীক্ষকগণকেও উক্ত সভায় উপস্থিত থাকতে হবে।

১৮/৮/২০২১

(মোঃ ইসমাইল মিয়া)  
প্রযুক্তিক  
(সহঃ মহাব্যবস্থাপক পদযোগ্যতা)